

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৩৫(আগরতলা-১২।০১)
সোনামুড়া, ১২ জানুয়ারী, ২০১৮

সোনামুড়ায় উপজাতি লোকনৃত্য প্রতিযোগিতা
১৮ জানুয়ারী

প্রজাতন্ত্র দিবস উদযাপনের অঙ্গ হিসেবে সোনামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ১৮ জানুয়ারী নবনির্মিত সোনামুড়া টাউন হলে সোনামুড়া মহকুমা ভিত্তিক উপজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক শ্যামল চক্রবর্তী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক তপন চন্দ্র দাস, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাস, কাঁঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান আবদুল করিম, সোনামুড়া নগর পঞ্চায়েত চেয়ারপার্সন কমলা মজুমদার, এ ডি সি'র মোহনভোগ সাব-জোনালের প্রাক্তন চেয়ারম্যান বাণীসিং দেববর্মা, কাঁঠালিয়া বি এ সি'র চেয়ারম্যান সহিন্দ নোয়াতিয়া, বক্সনগর এবং নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানদ্বয় যথাক্রমে জেসমিন আক্তার এবং পরিতোষ দাস, মোহনভোগ পঞ্চায়েত সমিতির ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রদীপ দেবনাথ এবং এ ডি সি'র মোহনভোগ সাব-জোনালের চেয়ারম্যান মধুসূদন দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেবেন মোহনভোগ বি এ সি'র চেয়ারম্যান কুঞ্জলীলা মুড়া সিং।
